শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব ১০০

# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
## ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০১১.২১. ৩৭৫৩ তারিখঃ- ১৬ অগ্রহায়ণ'১৪২৮ বঙ্গাঃ
০১ ডিসেম্বর'২০২১ খ্রিঃ

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** | পবিস বেতন কাঠামো-২০১৬,সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র এবং বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী মূলবেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে | ০১) **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর ( ২০/১২/২০২১) খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার /ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীর পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ,বিয়োগ,গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট ( www.pbs.khulna.gov.bd) হতে আবেদন ফরম ডাউন লোড পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২০/১২/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ,খুলনা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত ''অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্রের'' (এজিএম-প্রশাসন/এইচআর কর্তৃক সত্যায়িত) অনুলিপি ।

০৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

(খ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথমপক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যুনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী দ্বিতীয় চুক্তি সম্পাদিত হবে। একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে । তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ 100

| | | |
|---|---|
| (গ) | বাপবিবোর্ডের সর্বশেষ জারীকৃত সার্কুলার/নীতিমালার আলোকে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |
| (ঘ) | অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্নকারীগণকে অবশ্যই উক্ত সকল পবিসে চাকুরীর "অভিজ্ঞতা সনদ" সত্যায়ন পূর্বক দাখিল করতে হবে। |
| (ঙ) | ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই। |
| (চ) | অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই। |
| (ছ) | কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই। |
| (জ) | তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| (ঝ) | বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম - ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। |
| (ঞ) | অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। |
| (ট) | খুলনা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| (ঠ) | ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল করা হবে। |
| (ড) | চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না। |
| (ঢ) | খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। |
| (ণ) | বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

01.12.21

(প্রকৌঃ মোঃ আলতাফ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো, ঢাকা।
০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ)পরিদপ্তর,বাপবিবো, ঢাকা
০৩॥ সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি পরিদপ্তর), বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো,ঢাকা।
০৭॥ ডিজিএম-পাইকগাছা/ সেনেরবাজার/ডুমুরিয়া/কয়রা জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস।
০৮॥ এজিএম(ওএন্ডএম), দাকোপ/তেরখাদা/শাহপুর সাব- জোনাল অফিস,খুলনা পবিস।
০৯॥ এজিএম(অর্থ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/আইটি), খুলনা পবিস।
১০॥ জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), খুলনা পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১১॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস।
১২॥ অফিস/মাস্টার কপি।

01.12.21

সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

ফরম নং-পমাসপ-১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

**খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির "মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)"** পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/ আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

**সিনিয়র জেনারেল ম্যানেজার**
**খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি**
**ঠিকরাবন্দ, খুলনা।**

১. নিয়োগ বিজ্ঞপ্তির নং- ২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০১১.২১.৩৭৫৩, তাং-০১/১২/২০২১ইং।

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ........................................

৩. পদের ধরণঃ ........................

৪. বিজ্ঞাপনের সূত্র ........................................................

৫. প্রকাশনার তারিখ ........................................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ........................................................

বড় হাতের অক্ষরে ইংরেজিতে ........................

৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী) ...........................................(দিন/মাস/বছর)

৮. পিতার নাম ........................................................

৯. বয়স (২০/১২/২০২১ খ্রিঃ তারিখে) ........................................................

১০. মাতার নাম ........................................................

১১. ধর্ম ........................................................

১২. জাতীয়তা ........................................................

১৩. নিজ জেলা ........................................................

১৪. টেলিফোন/মোবাইল নম্বর ........................................................

১৫. বৈবাহিক অবস্থা (টিক দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (টিক দিন):

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ ........................................................................................................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী .................... খ. ডাকঘর .................... গ. উপজেলা/থানা .................... ঘ. জেলা ....................

১৮ যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী .................... খ. ডাকঘর .................... গ. উপজেলা/থানা .................... ঘ. জেলা ....................



মোঃ রাশেদুজ্জামান
এজিএম (প্রশাসন)
খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেনী গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ ( সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম সময়কাল | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যঅগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২২. প্রার্থীর সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচায় (আত্মীয় ব্যতীত):

| নাম,পদবী/পেশা, ঠিকানা,টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা( যদি থাকে) | |
|---|---|
| ১। | |
| ২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভূল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব। আমার বিরুদ্ধে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি তা মানতে বাধ্য থাকব।

.......................................
তারিখ

.............................................
আবেদনকারীর স্বাক্ষর



মোঃ রাশেদুজ্জামান
এজিএম (প্রশাসন)
খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি